স্মৃতি প্রভা নন্দী, উপজেলা সমবায় অফিসার ,বেগমগঞ্জ, নোয়াখালী কর্তৃক নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন উত্তর মিরওয়ারিশপুর সততা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন।

০১ সমিতির নাম ঃ উত্তর মিরওয়াশিপুর সততা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ

০২ সমিতির ঠিকানা ঃ- গ্রাম/মোকাম ঃ খেজুরতলা বাজার ,ডাকঘর ঃ মিরওয়ারিশপুর
উপজেলা ঃ বেগমগঞ্জ, জেলা ঃ নোয়াখালী।

০৩ সমিতির নিবন্ধন নং ও তারিখ ঃ- নিবন্ধন নং -১৬/২০১৯ (বেগম),তারিখ ১৬/০৯/২০১৯খ্রি.।

০৪ সমিতির সভ্য নির্বাচনী এলাকা ঃ ০৯ নং মিরওয়ারিশপুর ইউনিয়নের০৪ নং ওয়ার্ডের পূর্ব দিকে নরোত্তমপুর, পশ্চিমো মজুমদার বাড়ি,উত্তরে মোবরকআলী ছেরাং বাড়ী,দক্ষিনে চাপরাশি বাড়ির মধ্যে সীমাবদ্ধ।

০৫ সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যগনের নাম, পদবী ও নির্বাচনের তারিখঃ

| ক্রঃ নং | নাম | পদবী | নির্বাচনের তারিখ | ১ম সভার তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মনির আহম্মদ | সভাপতি | ১৭/১৯/২০২১ খ্রিঃ | ১৭/১৯/২০২১ খ্রিঃ |
| ০২ | জনাব নুরুল হাসনাত | সহ-সভাপতি | ঐ | |
| ০৩ | জনাব মনজুর হোসেন | সম্পাদক | ঐ | |
| ০৪ | জনাব মোঃ আবুল কাশেম | সদস্য | ঐ | |
| ০৫ | জনাব মোঃ আবু তাহের | সদস্য | ঐ | |
| ০৬ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | সদস্য | ঐ | |
| ০৭ | জনা মোশারফ হোসেন | সদস্য | ঐ | |
| ০৮ | জনাব আলাউদ্দিন | সদস্য | ঐ | |
| ০৯ | জনাব মোঃ ইব্রাহিম খলিল | সদস্য | ঐ | |

০৬ সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের তারিখ ঃ- জানা যায়নি।

০৭ সমিতি পরিদর্শনের তারিখ ঃ- ২৮/১১/২২

০৮ সমিতির পরিদর্শনকারী কর্মকর্তা ঃ- স্মৃতি প্রভা নন্দী, উপজেলা সমবায় অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী।

০৯ সমিতির সর্বশেষ বার্ষিক সাধারণ সভার তারিখ ঃ অনুষ্ঠিত হয়নি

১০ সমিতির বর্তমান সদস্য সংখ্যা ঃ ২৮জন।

১১ সর্বশেষ অডিট অফিসারের নাম ও পদবী ঃ সুদেব কুমার রায়, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, বেগমগঞ্জ, নোয়াখালী।

১২ সর্বশেষ অডিট সম্পাদনের তারিখ ঃ-২৫/০৯/২০২২ খ্রিঃ

১৩ সমিতির অনুমোদিত শেয়ার মূলধন ঃ১০,০০০০০/- টাকা।

১৪ সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ঃ- ১০০০/- টাকা।

১৫ সমিতির আদায়কৃত সঞ্চয় আমানত ঃ- ২২০০০/--টাকা।

১৬ সমিতির নিজস্ব তহবিলের কর্জ পাওনা ঃ-০/- টাকা।

১৭ সমিতির হস্তে মজুত তহবিল ঃ-২০৫০/- টাকা।

**॥পরিদর্শন মন্তব্য ঃ**

**০১.সমিতির উপ-আইন ঃ** সমিতির নিবন্ধিত উপ-আইন সমিতিতে সংরক্ষিত আছে। উপ-আইনে বর্ণিত উদ্দেশ্যাবলীর আংশিক বাস্তবায়িত হয়েছে। উপ-আইনে বর্ণিত সকল উদ্দেশ্য বাস্তবায়ন করার জন্য পরামর্শ দেয়া হল।

**০২.সদস্য সংখ্যা ঃ** সমিতিতে পরিদর্শনকালীন তারিখ পর্যন্ত মোট সদস্য সংখ্যা ২০ জন। সমিতির সভ্য ভর্তির ক্ষেত্রে কমপক্ষে প্রত্যেকের নিকট হতে ১০০/- টাকা শেয়ার, ১০০/-টাকা সঞ্চয় এবং ভর্তি ফি বাবত ৫০/- টাকা আদায় করতে হবে। নচেৎ সদস্য ভর্তি বিধিবিধানের সাথে সংগতিপূর্ন হবে না। সমিতির কার্যকরী এলাকার যোগ্য ব্যক্তিদের সভ্য করে এর মূলধন বৃদ্ধি করার পরামর্শ দেয়া হল।

**০৩.ব্যবস্থাপনা কমিটি ঃ** ০৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটির উপর অত্র সমিতির দায়িত্বভার ন্যস্ত রয়েছে। উক্ত ব্যবস্থাপনা কমিটি বিগত ১৫/০৯/২০২১ খ্রিঃ তারিখে ব্যবস্থাপনা কমিটি নির্বাচিত হয়। উক্ত কমিটির মেয়াদ আগামী ১৪/০৯/২০২৪ খ্রিঃ তারিখে উত্তীর্ন হয়ে গিয়েছে। । তৎপূর্বে সমবায় সমিতি আইন ও বিধিমালা মতে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান করতঃ কমিটি পূনর্গঠনের পরামর্শ দেয়া হল।

**০৪.শেয়ার মূলধন ঃ** আলোচ্য সমিতির অনুমোদিত শেয়ার মূলধন ১০,০০০০/-টাকা। প্রতি শেয়ারের মূল্য ১০০/- (একশত) টাকা হারে ১০,০০০ অংশে বিভক্ত। পরিদর্শনকালীন সময় পর্যন্ত সমিতিতে ১০০০ টাকার শেয়ার বিক্রয় করা হয়েছে। নতুন শেয়ার বিক্রয় করে সমিতির কার্যকরী মূলধন বৃদ্ধি করার এবং প্রত্যেক সদস্যকে আদায়কৃত শেয়ারের উপর শেয়ার সনদ প্রদানের পরামর্শ দেয়া হল।

**০৫.সঞ্চয় আমানত ঃ** পরিদর্শন তারিখ পর্যন্ত সদস্যগন হতে আদায়কৃত সঞ্চয় আমানতের পরিমান ২২০০০/-টাকা। সঞ্চয় আমানত আদায়ের পরিমাণ সন্তোষজনক নয়। প্রত্যেক সদস্য হতে নিয়মিত সঞ্চয় আমানত আদায় করার এবং আদায়কৃত সঞ্চয়ের উপর পাশ বই প্রদানের পরামর্শ দেয়া হল।

**০৬. ব্যাংক একাউন্ট ঃ সমিতির নামে হিসাব খোলা নাই। ব্যাংক জমার পরিমান মং-০** সমিতির যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হল।

**০৭. হস্তে মজুত তহবিল ঃ-** পরিদর্শন তারিখ অর্থাৎ ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত সমিতির মজুত তহবিলেরে পরিমাণ ২০৫০/- টাকা। কি পরিমাণ টাকা হাতে রাখা যাবে সে মর্মে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

**০৮.লাভ-ক্ষতি ঃ** ২০২১-২০২২ খ্রিঃ সনে সমিতির নীট লাভ এর পরিমান ৭৩৩/- টাকা দেখা যায়। কার্যক্রম অনুসরণ সমিতি লাভ হওয়া বাঞ্চনীয়। সকল খরচের কৃচ্ছ্রতা সাধন পূর্বক সমিতিকে লাভ জনক প্রতিষ্ঠানে গড়ে তোলার সর্বত্নক উদ্যেগ নিতে ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেওয়া হয়।

**৯. পরামর্শ সমুহ ঃ**

৯.১ ক্যাশ বহিতে নিয়মিত লেনদেন লিপিবদ্ধ করতঃ সম্পাদককে স্বাক্ষর করতে হবে।

৯.২ সদস্যগনকে শেয়ার সার্টিফিকেট ও আমানতকারীদের পাশবই বিতরণ করতে হবে।

৯.৩ সমিতির ব্যাংক হিসাব খুলতে হবে এবং সমিতির সদস্যদের আমানত সমূহ ব্যাংক হিসাবে জমা দিতে হবে।

৯.৪ অসদস্যদের নিকট কর্জ দাদন হতে বিরত থাকতে হবে।

৯.৫ মাসে অন্ততব্যবস্থাপনা কমিটির ০১টি মাসিক সভা করতে হবে।

৯.৬ পাওনা কর্জের টাকা আদায়ের ব্যবস্থা করতে হবে।

৯.৭ সদস্যদের আমানতের টাকা লাভজনক খাতে বিনিয়োগের মাধ্যমে সমিতিকে লাভজনক প্রতিষ্ঠানে গড়ে তুলতে হবে।

৯.৮ অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিলসমবায় আইন বিধি মোতাবেক যথা সময়ে পরিশোধের পরামর্শ দেওয়া গেল।

৯.৯ সমিতির খাতাপত্র ও রেকর্ড পত্র সমবায় আইন ও বিধি মোতাবেক যথাযথভাবে সংরক্ষনের পরামর্শ দেওয়া গেল।

০৯. সমাপনী মন্তব্য ঃ পরিদর্শনকালে সমিতির কর্মকর্তাদের সমিতির কার্যক্রম পরিচালনার অতীব আগ্রহী ও উদ্যমী প্রতীয়মান হল। নূতন সমিতি হিসেবে এর কার্যক্রম সন্তোষজনক। সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুসরণ করে এর কার্যক্রম পরিচালনা করা হলে এবং আগ্রহী সদস্যদের শ্রম ও মেধাকে কাজে লাগাতে পারলে এটি অতি স্বল্প সময়ে একটি সফল সমবায় প্রতিষ্ঠান হিসেবে আত্নপ্রকাশ করবে মর্মে আমার বিশ্বাস।

পরিশেষে এ সমিতির উত্তরোত্তর অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করি।

( স্মৃতি প্রভা নন্দী)
উপজেলা সমবায় অফিসার
বেগমগঞ্জ, নোয়াখালী।

স্মারক নং-

তারিখঃ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল ঃ

১। জেলা সমবায় অফিসার, নোয়াখালী মহোদয়ের সদয় অবগতির জন্য ।

২। সভাপতি/সম্পাদক,উত্তর মিরওয়ারিশপুর সততা সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ।

৩। সংশ্লিষ্ট নথি।

উপজেলা সমবায় অফিসার
বেগমগঞ্জ, নোয়াখালী